বিষয় কোড | ১ | ৩ | ৪ |

এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় : কৃষিশিক্ষা (সৃজনশীল)

সময় : ২ ঘন্টা ১০ মিনিট — পূর্ণমান—৪০

[বি. দ্রঃ নিচের ৬টি প্রশ্ন থেকে যে কোন ৪টি প্রশ্নের উত্তর দাও]

১. রায়হান একজন মধ্যবিত্ত কৃষক। তার বাড়ি রাজশাহীর মনিরামপুরে। তিনি প্রতি বছর প্রায় সব মৌসুমে নিজ জমিতে বিভিন্ন ধরনের প্রচুর ফসল উৎপাদন করেন। তবে এ অঞ্চলের সুবিধার কারণে এখানে কতিপয় শস্য তুলনামূলকভাবে বেশি জন্মে। তার স্ত্রীর বাপের বাড়ি পটুয়াখালী। আবার এ অঞ্চলে ফসল তেমন উৎপাদন হয় না। কারণ এটা নির্ভর করে কৃষি আবহাওয়ার ওপর।

ক. মাটি কাকে বলে? ১

খ. কিভাবে মাটির পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি করা যায়? ২

গ. রায়হানের এলাকার মাটির প্রকৃতি ও কী কী ফসল উৎপন্ন হয় বর্ণনা করো। ৩

ঘ. অঞ্চলভেদে কৃষি আবহাওয়ার ওপর ফসল উৎপাদনের ভারসাম্য নির্ভর করে। উদ্দীপকের আলোকে বিষয়টির প্রতি তোমার যুক্তি উপস্থাপন করো। ৪

২. আবিরের দাদার ৫ শতক জমির উপর একটি মৌসুমী পুকুর ছিল। একদিন মৎস্য অফিসার পরিদর্শনে এসে পুকুরটি সংস্কার করে মাছ চাষের পরামর্শ দেন। পরামর্শ অনুযায়ী তিনি পুকুরটির প্রয়োজনীয় সংস্কার করেন এবং রাক্ষুসে ও অচাষযোগ্য মাছ দূর করেন। পরে পুকুরে চুন ও সার প্রয়োগ করে মাছের পোনা ছাড়েন।

ক. স্থায়ী পুকুর কাকে বলে? ১

খ. পুকুরের পানিতে প্রাকৃতিক খাদ্য পরীক্ষার সেকিডিস্ক পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. আবিরের দাদা পুকুরটিকে মাছ চাষের উপযোগীকরণের লক্ষ্যে কি কি কার্যক্রম গ্রহণ করেছিল – বর্ণনা করো। ৩

ঘ. বাংলাদেশের প্রেক্ষাপটে আবিবের দাদার চাষের সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

৩. কপিলের বাড়ি সমুদ্র উপকূলবর্তী এলাকায়। সে এই এলাকায় চাষ উপযোগী লবণাক্ততা সহিষ্ণু ফসল ও ফসলের জাত সম্পর্কে জানে। তাই সে সহজেই এসব ফসলের তালিকা তৈরি করে শ্রেণিতে উপস্থাপন করতে পারে।

ক. ফসলের অভিযোজন বলতে কী বোঝ? ১

খ. পরিবেশের বিরূপ প্রতিক্রিয়ার একটি ক্ষতিকর দিক ব্যাখ্যা করো। ২

গ. কপিল শ্রেণিতে যে তালিকা উপস্থাপন করবে তা লিখো। ৩

ঘ. কপিলের বাড়ির এলাকায় চাষ উপযোগী ধান ফসলের জাতগুলোর বৈশিষ্ট্য লিখো। ৪

http://teachingbd.com

৪. পাট বাংলাদেশের অন্যতম প্রধান অর্থকরী ফসল। পাট ও পাটজাত দ্রব্য রপ্তানী করে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়, এজন্য পাটকে সোনালী আঁশও বলা হয়। বিজ্ঞানী মাকসুদুল আলম পাটের জিনোম রহস্য আবিষ্কার করে বিশ্বের দরবারে বাংলাদেশের মাথা উঁচু করে তুলেছেন।

ক. দেশি পাট ও তোষা পাটের ২টি করে জাতের নাম লিখো। ১

খ. উফশী ধানের দুইটি বৈশিষ্ট্য লিখো। ২

গ. উদ্দীপকে আলোচিত শস্যটির বাংলাদেশে চাষযোগ্য জাতগুলোর বর্ণনা দাও। ৩

ঘ. উল্লেখিত শস্যটির অর্থনৈতিক গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৫. শিক্ষক বিদ্যালয়ের মাঠে পড়ে থাকা একটি গাছের লগ দেখে শিক্ষার্থীদের নিয়ে গিয়ে তা পরিমাপ করে দেখালেন। লগটির দৈর্ঘ্য ৬ মিটার। মাথার বেড় ১.৫০ মিটার, মাঝখানের বেড় ২.০ মিটার এবং মোটা মাথার বেড় ২.৫০ মিটার। তিনি শিক্ষার্থীদেরকে এই রকম লগের পরিমাপ ও সংরক্ষণ পদ্ধতি লিখে জমা দিতে বললেন।

ক. কাঠ সিজনিং বলতে কী বোঝ? ১

খ. ম্যানগ্রোভ বনের উদ্ভিদের একটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. তোমার বিদ্যালয়ের মাঠে পড়ে থাকা লগটির আয়তন নির্ণয় করো। ৩

ঘ. উক্ত কাঠটি কিভাবে সংরক্ষণ করা যায়? মতামত দাও। ৪

৬. যুব উন্নয়ন থেকে গবাদি পশু পালনের প্রশিক্ষণ নিয়ে এসে আওলাদ মোল্লা গাভী পালনের সিদ্ধান্ত নিলেন। তিনি এ বিষয়ে পার্শ্ববর্তী তিনটি খামার পরিদর্শন করেন। তাদের সবারই গাভীর সংখ্যা এক হলেও আয়-ব্যয় নিম্নরূপঃ

খামারের নম্বর	স্থায়ী ব্যয়	আবর্তক ব্যয়	মোট আয়	প্রকৃত আয়
১	১,০০,০০০	৭৫,০০০	১,৫০,০০০	
২	১,০০,০০০	৬৫,০০০	১,৩০,০০০	
৩	৯০,০০০	৬৫,০০০	১,২৫,০০০	

ক. খামার ব্যবস্থাপনা কাকে বলে? ১

খ. দুগ্ধ খামারের সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় জাত নির্বাচন ব্যাখ্যা করো। ২

গ. খামার তিনটির মধ্যে কোনটির প্রকৃত আয় বেশি? হিসাব করে দেখাও। ৩

ঘ. সমান সংখ্যক গাভী হওয়া সত্ত্বেও সব খামারে সমান প্রকৃত আয় হয় না কেন? বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

বিষয় কোড: ১০৪

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৩৫ মিনিট বিষয় ঃ কৃষিশিক্ষা (বহুনির্বাচনি) পূর্ণমান—৩৫

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. ধান গাছ কী ধরনের মাটি পছন্দ করে?
ক কর্দম খ বেলে
গ পাথুরে বেলে ঘ সব ধরনের মাটি

২. মধুপুর ও বরেন্দ্র অঞ্চলের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো-
i. জমি উঁচু
ii. জৈব পদার্থের মাত্রা নিম্নমানের
iii. মাটির অম্লমান ৫.৫-৬.৫
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৩. একটি ১০ মি. × ৭ মি. সাইজের বীজতলায় কত কেজি কম্পোস্ট প্রয়োগ করতে হয়?
ক ১০০-১৫০ কেজি খ ১৫০-২০০ কেজি
গ ২০০-২৫০ কেজি ঘ ২৫০-৩০০ কেজি

৪. ভূমিক্ষয় রোধের উপায়-
i. পানি প্রবাহ হ্রাস করা
ii. জমি উন্মুক্ত ফেলে রাখা
iii. জৈব সার ব্যবহার করা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৫. বীজের আর্দ্রতা কত হলে অংকুরোদগম শুরু হয়?
ক ২৫-৪০% খ ৩৫-৬০%
গ ৪০-৬০% ঘ ৪৫-৬০%

৬. গরুকে দৈনিক কত কেজি শুকনা খড় দিতে হয়?
ক ১-২ কেজি খ ৩-৪ কেজি
গ ৫-৭ কেজি ঘ ৮-১০ কেজি

৭. সাইলেজ হিসাবে সংরক্ষণের উপযোগী ঘাস-
i. ভুট্টা ii. নেপিয়ার
iii. গিনি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৮. উদ্ভিদের বংশ বিস্তারের প্রধান মাধ্যম কোনটি?
ক কান্ড খ পাতা
গ মাটি ঘ বীজ

৯. তৈল জাতীয় ফসল বীজ হলো-
i. গম ii. সরিষা
iii. তিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. পুকুরের পানি pH বৃদ্ধিতে কি প্রয়োগ করতে হয়?
ক অম্লীয় সার খ চুন
গ তেঁতুল পানি ঘ রোটেনন

১১. আদর্শ পুকুরের পানির গভীরতা সাধারণত কত মিটার হয়?
ক ১.০ মি. খ ১-১.৪ মি.
গ .৭৫ মি. ঘ ৩ মি.

১২. আভ্যন্তরীণ মুক্ত জলাশয় হতে বর্তমানে দেশে উৎপাদিত মাছের কত ভাগ আসে?
ক ৩৫% খ ৪০% গ ৪৫% ঘ ৫০%

১৩. যে উদ্দেশে নদী-নালা, খাল-বিলে অস্থায়ী বা স্থায়ী বাঁধ করা যাবে তা হলো-
i. জলসেচ ii. মাছ ধরা
iii. বন্যা নিয়ন্ত্রণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. সরকার ঘোষিত ইলিশের অভয়াশ্রম কয়টি?
ক ৪টি খ ৫টি গ ৬৫টি ঘ ৭টি

১৫. শৈত্য সহিষ্ণু ধান কোনটি?
ক বিআর ১৪ খ ব্রিধান ৩২
গ ব্রিধান ৩৬ ঘ ব্রিধান ৪৫

১৬. জলবায়ুর দ্রুত পরিবর্তনে দায়ী কারা?
ক উন্নত বিশ্ব খ উন্নয়নশীল বিশ্ব
গ অনুন্নত বিশ্ব ঘ আফ্রিকা মহাদেশ

১৭. প্রতিকূল পরিবেশে উদ্ভিদের খাপ খাইয়ে নেওয়ার কৌশলকে কি বলে?
ক অভিযোজন খ অভিস্রবণ
গ সালোকসংশ্লেষণ ঘ প্রস্বেদন

http://teachingbd.com

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাওঃ

মংলার সুজন তার লবণাক্ত জমিতে ফসল চাষে সমস্যায় পড়ে। পরবর্তীতে কৃষি কর্মকর্তার পরামর্শ মোতাবেক হ্যালোফাইটস চাষে সে সফলতা পায়।

১৮. কোনটি হ্যালোফাইট উদ্ভিদ?
ক) সুগারবিট খ) শিম
গ) তুলা ঘ) গোলপাতা

১৯. লবণাক্ত এলাকার উদ্ভিদের বৈশিষ্ট্য হলো-
i. পাতায় লবণ জালিকা থাকে
ii. গাছ পাতার আয়তন বাড়াতে পারে
iii. পাতার কোষে অতিরিক্ত আয়ন জমিয়ে রাখে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. রুই জাতীয় মাছ ডিম ছাড়ে কোন মাসে?
ক) চৈত্র খ) বৈশাখ গ) আষাঢ় ঘ) শ্রাবণ

২১. তাপমাত্রা সহনশীল মাছ কোনটি?
ক) পুঁটি খ) ভেটকি
গ) শিং ঘ) পাঙ্গাস

২২. প্রতি কেজি ধান বীজ শোধনের জন্য কত গ্রাম এগ্রোসান জি এন দরকার?
ক) ১০ গ্রাম খ) ২০ গ্রাম
গ) ২৫ গ্রাম ঘ) ৩০ গ্রাম

২৩. কোন সময় পাট বীজ বপনের জন্য উপযুক্ত?
ক) আষাঢ়-শ্রাবণ খ) ভাদ্র-আশ্বিন
গ) কার্তিক-অগ্রহায়ন ঘ) ফাল্গুন-চৈত্র

২৪. একজন পূর্ণ বয়স্ক মানুষের দৈনিক কত গ্রাম সবজি খাওয়া প্রয়োজন?
ক) ১১৫ গ্রাম খ) ১২০ গ্রাম
গ) ১৩৫ গ্রাম ঘ) ২৩৫ গ্রাম

২৫. কোনটি গোলাপের উন্নত জাত?
ক) ডায়ামন্ট খ) ব্ল্যাক প্রিন্স
গ) গোল্ড রিং ঘ) ম্যাসাকার

২৬. শিং-মাগুর মাছে কোন উপাদান অধিক পরিমাণে রয়েছে?
ক) শর্করা খ) লৌহ
গ) ক্যালসিয়াম ঘ) আয়োডিন

২৭. গর্ভকালীন সময়ে গাভীকে কোন ধরনের খাবার বেশি দিত হয়?
ক) আঁশ জাতীয় খ) ঘাস জাতীয়
গ) দানাদার ঘ) স্নেহ জাতীয়

২৮. কোষ্ঠ-কাঠিন্য রোগের ফলপ্রসূ ভেষজ ওষুধ কোনটি?
ক) হরিতকি খ) তুলসী
গ) ঘৃতকুমারী ঘ) আমলকি

২৯. কোন খামারের সকল তথ্য লিপিবদ্ধ করার কারণ-
i. নিট মুনাফা হিসাব করা যায়
ii. মোট ব্যয়ের পরিমাণ জানা যায়
iii. পরবর্তী বছরের কাজে সহায়ক হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৩০. সমবায় সংগঠনের কাজ কোনটি?
ক) আগ্রহী ব্যক্তিদের ঐক্যবন্ধ করা
খ) পারিবারিক কাজের সুষ্ঠু ব্যবস্থাপনা
গ) সকল কৃষিকাজের ব্যবস্থাপনা
ঘ) রাসায়নিক চাষের প্রসার

৩১. পারিবারিক খামার কী ধরনের প্রতিষ্ঠান?
ক) সামাজিক খ) অর্থনৈতিক
গ) বাণিজ্যিক ঘ) আর্থ-সামাজিক

৩২. উন্নত জাতের হাঁস-মুরগী বছরে কয়টি ডিম দেয়?
ক) ৫০টি খ) ১০০টি গ) ২০০টি ঘ) ২৫০টি

৩৩. সনাতন পদ্ধতিতে দুধ কত মিনিট ফোটাতে হয়?
ক) ১০ মি. খ) ২০ মি. গ) ৩০ মি. ঘ) ৬০ মি.

৩৪. পারিবারিক খামারে গাভীর সংখ্যা কয়টি হয়ে থাকে?
ক) ২-৫টি খ) ৭-১০টি
গ) ১-২টি ঘ) ১০-১৫টি

৩৫. সরপুঁটি মাছের প্রিয় খাবার কোনটি?
ক) জুওপ্লাঙ্কটন
খ) ফাইটোপ্লাঙ্কটন
গ) ক্ষুদিপানা
ঘ) কুঁড়া

উত্তরমালা																																
	১	ক	২	ঘ	৩	গ	৪	গ	৫	খ	৬	খ	৭	ঘ	৮	ঘ	৯	খ	১০	খ	১১	গ	১২	ক	১৩	ঘ	১৪	ক	১৫	গ	১৬	ক
	১৭	ক	১৮	ঘ	১৯	খ	২০	খ	২১	গ	২২	খ	২৩	খ	২৪	ক	২৫	খ	২৬	খ	২৭	গ	২৮	গ	২৯	ঘ	৩০	ক	৩১	ঘ	৩২	ঘ
	৩৩	খ	৩৪	ক	৩৫	গ																										

Teachingbd.com